# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল
ই-মেইলঃ xenbwdbtang@gmail.com

Office of the Executive Engineer
Tangail Water Development Division
Bangladesh Water Development Board
E-mail: xenbwdbtang@gmail.com

স্মারক নং-:পাউবো/টাঙ্গাইল/ই-৬/ ৮৪৫ তারিখঃ ২০-১০-২০২৫ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ঠিকাদার ও সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফি ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন/সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি আবেদনের তফসিলঃ**

| ক্র: নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরণ | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভূক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ২৩/১০/২০২৫ | ২০/১১/২০২৫ খ্রিঃ | ২৩/১১/২০২৫ খ্রিঃ |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ২৩/১০/২০২৫ | ২০/১১/২০২৫ খ্রিঃ | ২৩/১১/২০২৫ খ্রিঃ |

**তালিকাভূক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স। ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। ৩) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট। ৪) জাতীয় পরিচয়পত্র। ৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। ৬) অথরাইজেশন লেটার। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ বরাবর। |
| তালিকাভূক্তিকরণ ফি | ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার ০২(দুই)টি ভিন্ন ভিন্ন অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ বরাবর। |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১) নির্ধারিত আবেদন। ২) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স। ৩) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়ন ফি | ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার ০২(দুই) টি ভিন্ন ভিন্ন অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ বরাবর। |
| আবেদনের সময়সীমা | ২৩/১০/২০২৫ খ্রিঃ হতে ২৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন যাচাই-বাচাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহনের জন্য e-Gp Registration থাকা আবশ্যক।

২০/১০/২৫
(মোঃ মতিউর রহমান)
নির্বাহী প্রকৌশলী
টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।

স্মারক নং-:পাউবো/টাঙ্গাইল/ই-৬/ ৮৪৫/১(১১) তারিখঃ ২০-১০-২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, টাঙ্গাইল।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বাপাউবো'র ওয়াবসাইটে প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ।
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর) (সকল), টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল।
৯। প্রাক্কলনিক/উচ্চমান সহকারী, টাঙ্গাইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, টাঙ্গাইল। তাকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ফরম বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১০। জনাব.........................................................................................
১১। দপ্তর কপি।

২০/১০/২৫
নির্বাহী প্রকৌশলী